
3000Rs.




[illegible] under Regn. Rule 2
[illegible] under the Indian
Stamp Act 1899 as amended by
Act III of 1922 and Section 93
(1) of the Calcutta Improve-
ment Act 1911 Schedule
23
Stamp Duty paid under the
Indian Stamp Act 1899 as
amended in 1964 Rs 2500
Additional duty [illegible] the
Calcutta Improvement Act 1911
Rs 500 P
Total Rs 3000

Register u/s Y (1)
South 24 Parganas

সাফ বিক্রয় কোবালা দলিল

মূল্য : - ২৫ ০০০-০০ পচিশ হাজার টাকা মাত্র।

কোবালা গ্রহীত্রী : - কুমারি সাথি দত্ত গুপ্তা পিতা শ্রী প্রতাপ চন্দ্র দত্ত গুপ্ত জাতি হিন্দু পেশা : - অধ্যায়ন সাং নিরঞ্জন পল্লী ''এ'' ব্লক, থানা : - রিজেন্ট পার্ক জেলা দক্ষিন ২৪পরগণা কলিকাতা : - ৭০।

কোবালা দাতা : শ্রী অমিত মালাকার পিতা শ্রী সুনিল চন্দ্র মালাকার জাতি হিন্দু পেশা:- ব্যবসা, সাং ৩।৪ সূর্য্য নগর, থানা যাদবপুর কলিকাতা : - ৪০।

কস্য অত্র দলিল সংলগ্ন নক্সায় লাল রঙের রেখা দ্বারা সীমাঙ্কিত আমার খরিদা ৪চারি কাঠা ১৪ চৌদ্দ ~~স্কোয়ার ফিট~~ ছটাক মধ্যে ৪চার কাঠা ১৪ চৌদ্দ ছটাক এবং রাস্তা বাবদ খরিজা ৪চারি ছটাক একুনে ৫ পাঁচ কাঠা ৩তিন ছটাক পরিমিত রায়ত

দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের খালি জমি জ্ঞাত যায় তদ্‌পরিস্থিত আরও ওজরাপত্রদী যায়

কমিটিতে থাকা অবস্থায় পর পর বিভিন্ন দলিলে বিভিন্ন ব্যক্তি পৃথকভাবে .৩৬ শতক জমি বিক্রয়

Abdul Molak



সর্ব্ব প্রকার ইজমেন্ট রাইট সহ দরবস্ত হক্ হকুক সাফ বিক্রয়ের খোষ কোবালা দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে : -

জেলা দক্ষিন ২৪পরগণা, থানা সাবেক সদর টালিগঞ্জ তৎপর যাদবপুর বর্ত্তমানে রিজেন্ট পার্ক সাবরেজিষ্ট্রী অফিস আলিপুর সাবেক যাদবপুর মিউনিসিপ্যালিটীর বর্ত্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশনের অন্তর্গত পরগণা মাগুরা এর জেলা কালেক্টরীর মহাল মহাল ৬০১৬৪নং তৌজী ভুক্ত মালিক বর্ত্তমান পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিন ২৪পরগণা কালেক্টর বাহাদুরের অধীন রে, সা, নং ০৮১ জে, এল নং ৪৫ মৌজা বাঁশদ্রোনী জমের রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের ১.৭৫ শতক জমির কাত বার্ষিক ১১.৫০ পয়সা জমা ভুক্ত অনেক পোলাপানি দাবীর স্বত্ব দখলিয় সম্পত্তি থাকা অবস্থায় তিনি উক্ত মৌজায় ৪৮১নং খতিয়ানের ৭৭০নং দাগের .৮৭ শতক শালি জমি জমা বিগত ইংরাজি ১৯৫৫ সালে ৩রা জুলাই তারিখে এক কেতা রেজিষ্ট্রী কৃত কোবালা মূলে রিজেন্ট পার্ক এস্টেট লিমিটেডকে বিক্রয় করিয়া দেন, উক্ত দলিল মোকাম বেহালা সাবরেজিষ্ট্রী আফিসের রেজিষ্ট্রী কৃত ১নং বহির ২৫নং ভল্যুমের ১২ হইতে ১৭ পাতায় লিখিত ১৬৭৩নং সাফ বিক্রয় কোবালা দলিল রুপে রেজিষ্ট্রী হয়, অতঃপর কোম্পানী উক্ত ৭৭০ নং দাগের জমিতে মালিক দখলিকার হইয়া পশ্চিম বঙ্গ সরকার পক্ষে দক্ষিন ২৪পরগণা জেলার এল, এ, কালেক্টর বাহাদুরকে উক্ত দাগের উত্তরাংশে হইতে .৩২ শতক জমি জমা শরনার্থী পূর্ন বাসন জন্য দখল দেন এবং অবশিষ্ট জমি অর্থাৎ দাক্ষিনাংশের .৫৫ শতক জমি জমা খাস দখলে থাকা অবস্থায় উক্ত কোম্পানী গত ১৯৬১ সালের ৪ঠা আগষ্ট তারিখে এক কেতা রেজিষ্ট্রী কৃত কোবালা মূলে অনেক শক্তি পদ সিংহকে উপযুক্ত পনের বিক্রয় করেন ও দখল দেন উক্ত দলিল খানি মোকাম আলিপুর সাবরেজিষ্ট্রী আফিসের রেজিষ্ট্রী কৃত ১নং বহির ১২৮ নং ভল্যুমের ৯৮ হইতে ১০১ পাতায় লিখিত ৬৫৫৩নং সাফ বিক্রয় কোবালা দলিল রুপে রেজিষ্ট্রী হয় উক্ত শক্তিপদ সিংহ খরিদা সম্পত্তি ভোগ দখল করিতে থাকা অবস্থায় পর পর বিভিন্ন দলিলে বিভিন্ন ব্যক্তি গণক্রমে .৩৬ শতক জমি বিক্রয়

জমি জমা বিগত ইংরাজি ১৯৬৫ সালের ২৭ শে নভেম্বর তারিখে এক কেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে জনৈক প্রকাশ কুমার দে মহাশয়কে বিক্রয় করেন, উক্ত দলিল খানি মোকাম আলিপুর সাবরেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রী কৃত ১নং বহির ১৫৭নং ভল্যুমের ১৩৩ হইতে ১৩৫ পাতায় লিখিত ৮৮১০ নং সাফ বিক্রয় কোবালা দলিল রূপে রেজিষ্ট্রী হয়, অতঃপর উক্ত প্রকাশ চন্দ্র দে মহাশয় উক্ত ও নিম্ন তপশীল বর্নিত জমি জমা খরিদ করিয়া খরিদ সূত্রে মালিক দখলকার হইয়া উক্ত জমি জমা ভোগ ব্যবহার করিয়া করিয়া থাকা কালে জনৈক কেশব চন্দ্র কর্মকার পিতা মৃত উপেন্দ্র চন্দ্র কর্মকার সাং ৯০নং কালীঘাট রোড কলিকাতা ২৬ কে ১৯৬৬ সালের ১৫ই ফেব্রুয়ারী তারিখে এক কেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে অন্যান্য সম্পত্তি সহ বিক্রয় করিয়া চিরতরে নিঃ স্বত্ব ও দখল চ্যুত হয়েন উক্ত কোবালা দলিল খানি মোকাম আলিপুর সাবরেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রী কৃত ১নং বহির ৩৭ নং ভল্যুমের ৯১ হইতে ৯৪ নং পাতায় লিখিত ১৯৬৬ সালের ১৫৩নং সাফ বিক্রয় কোবালা দলিল রূপে রেজিষ্ট্রী হয় উক্ত কেশব চন্দ্র কর্মকার নিম্ন তপশীল বর্নিত জমি জমা খরিদ করিয়া খরিদ সূত্রে মালিক দখলকার হইয়া উক্ত জমি জমা তাহার নিজ দখলে রাখিয়া ভোগ দখল করিতে থাকা কালিন বিগত ইংরাজি ১৯৮২ সালে ৫ই মার্চ তারিখে এক কেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে তাহার খরিদা উক্ত জমি জমা হইতে ৪চারি কাঠা ১৫পনের ছটাক ২দুই স্কোয়ার ফিট জমি জমা ও রাস্তা বাবদ ৪চারি ছটাক জমি জমা একুনে ৫ পাঁচ কাঠা ৩তিন ছটাক ২দুই স্কোয়ার ফিট ভূমি জনৈক স্বপন দত্তের স্ত্রী শ্রীমতি পাপিয়া দত্ত মহাশয়াকে বিক্রয় করিয়া দিয়া চিরতরে স্বত্বচ্যুত ও দখলচ্যুত হয়, উক্ত বিক্রয় কোবালা দলিল খানি মোকাম আলিপুর জেলা সাবরেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রী কৃত ১নং বহির ৭৪নং ভল্যুমের ১১২ হইতে ১১৯ পাতায় লিখিত ১৯৮২ সালের ২৭২৩নং সাফ কোবালা দলিল রূপে রেজিষ্ট্রী হয়. অতঃপর উক্ত শ্রীমতি পাপিয়া দত্ত মহাশয়ার নগদ টাকার প্রয়োজনে তাহার খরিদা উক্ত বাঁশদ্রোনী মৌজার ৭৭৩নং দাগের ৪চারি কাঠা ১৫পনের ছটাক ২দুই স্কোয়ার ফিট জমি জমা মধ্যে ৪চারি কাঠা ১৫ পনের ছটাক জমি জমা এবং রাস্তা বাবদ ৪চারি ছটাক জমি জমা একুনে ৫পাঁচ কাঠা ৩তিন

Akhil Mallick



অবগত হইয়া গত ইংরাজি ৫।২।১৯৯২ তারিখে আলিপুর জেলা রেজিস্ট্রী কৃত ১নং বহির ১৮৯৫নং এক কেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে উক্ত শ্রীমতি পাপিয়া দত্ত মহাশয়ার নিকট হইতে খরিদ করিয়া খরিদ সূত্রে মালিক দখলকার হইয়া এবং উক্ত জমি জমা আমার নিজ দখলে রাখিয়া জমাবাদক্রমে অন্যের বিনা স্বত্ব সংশ্রবে নির্ব্বিবাদে ভোগ দখল করিয়া আসিতেছি।

এক্ষনে অত্র কোবালা দাতা আমার নানাপ্রকার সঙ্গত কারনে নগদ টাকার বিশেষ প্রয়োজনে আমার খরিদা উক্ত ৪চারি কাঠা ১৫পনের ছটাক জমি জমা এবং রাস্তা বাবদ ৪চারি ছটাক জমি জমা একুনে ৫ পাঁচ কাঠা ৩তিন ছটাক জমি জমা নির্ব্যূঢ় স্বত্বে বিক্রয় করিবার ঘোষনা করিলে আপনি অত্র কোবালা গ্রহীত্রী তাহা অবগত হইয়া উক্ত ও নিম্ন তপশীল বর্নিত জমি জমা বেলমোক্তা মং ২৫,০০০.০০ পচিশ হাজার টাকা মূল্যে খরিদ করিবার মানসে আমার নিকট প্রকাশ ও প্রস্তাব করিলে আমি আপনার প্রস্তাবে সম্মত হইয়া উক্ত পন মূল্যই বর্ত্তমান বাজার উচিৎ সর্ব্বোচ্চ পন মূল্য বিবেচনা করিয়া উক্ত পন মূল্য স্থিরতরে আমি অদ্য তারিখে উক্ত ধার্য্য পন মূল্যের সমুদয় মং ২৫০০০.০০ পচিশ হাজার টাকা এক কালিন আপনার নিকট হইতে নগদ বুঝিয়া পাইয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল আপনার বরাবর সহি সম্পাদন করিয়া দিয়া স্বীকার অঙ্গিকার প্রকাশ ও প্রচার করিতেছি যে উক্ত নিম্ন তপশীল বর্নিত বিক্রীত জমি জমাতে আমার যে কোন প্রকারের স্বত্ব, স্বামিত্ব, নভ্য, দখল, হক হকিয়ৎ দাবি দাওয়া ইত্যাদী ছিল বা আছে তৎসমুদয় নির্ব্যূঢ় স্বত্বে ধ্বংস হইয়া আপনাতে বর্তিল বা অর্পিল আপনি অদ্য হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববতী ও দখলে মালিক দখলকারিনী হইয়া বর্তমান মালেকান সরকারে ও কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশন অফিসে আমার নামের পরিবর্তে আপনার নিজ নাম পত্তনক্রমে দান, বিক্রয়, বন্ধক ইত্যাদী সর্ব্ব প্রকার হস্তান্তরের ক্ষমতাযুক্তে আপনি মায় আপনার পুত্র পৌত্র ওয়ারিশান ও স্থলাভিষিক্ত ব্যক্তিগণক্রমে যদৃচ্ছামত পরমসুখে ভোগ দখল করিতে থাকুন, তাহাতে তাহাতে কালে কস্মিনে আমি কিম্বা আমার পুত্র পৌত্র ওয়ারিশান ও স্থলাভিষিক্ত ব্যক্তিগণক্রমে কাহার

ও কোন ওজর আপত্তি দাবি দাওয়া চলিবেনা করিলে ও তাহা অত্র কোবালা বনিয়াদে সর্ব্ব স্থানে সর্ব্ব আদালতে অগ্রাহ্য হইবেক । বিক্রীত তপশীল বর্নিত জমি জমা আমি ইতি পূর্বে দান, বিক্রয়, বন্ধক ইত্যাদী অন্য কোন প্রকার হস্তান্তর করি নাই বা করা নাই বা উহা কাহার ও খোর পোষের দায়ে বা কাহার ও আমানতের দায়ে আবদ্ধ নাই বা উহা বাকি খাজনার খাজনার দায়ে নিলাম বিক্রয় হয় নাই , সম্পূর্ন নির্দায় নির্দোষ ও মুক্তাবস্থায় আমার খাস দখলে থাক কালে এবং বিক্রয় যোগ্য উত্তম ক্ষমতা থাকাএকাশেতপশীল বর্নিত জমি জমা আপনার নিকট বিক্রয় করিলাম এবং অদ্য তারিখেই আপনাকে খোলা খাস দখল দিলাম।
আমার উপরি উক্ত উক্তি সমূহের মধ্যে যদি কোন একটি উক্তি মিথ্যা বা তঞ্চকতা বলিয়া প্রকাশ পায় সেকারনে বা অন্য কোন কারনে আপনার অদ্যকারের খরিদা স্বত্বের বা স্বার্থের কোন রকম ভোগ দখলে বিঘ্ন ঘটে তবে আপনার নিকট হইতে অদ্যকারের নেওয়া পন মূল্যের সমূদয় সমূদয় টাকা যায় যাবতীয় ক্ষতি খরচা সহ এককালিন আপনাকে ফিরৎ দিতে বাধ্য রহিলাম

এত দর্থে সুস্থ শরীরে সরলমনে অন্যের বিনানুরোধে অত্র দলিল আদ্য পাঠ পাঠ করিয়া মর্ম্ম সম্যক অবগত হইয়া নিম্ন তপশীলের আয় মোতাবেক পন মূল্যের সমূদয় টাকা এক কালিন নগদ বুঝিয়া পাইয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল আপনার নাম বরাবর সহি সম্পাদন করিয়া দিলাম ইতি তারিখ ইংরাজি : - ২৫।২।১৯৯২

।। বিক্রীত সম্পত্তির তপশীল পরিচয় ।।

জেলা দক্ষিন ২৪পরগণা থানা সাবেক সদর টালিগঞ্জ তৎপর যাদবপুর বর্তমানে রিজেন্ট পার্ক সাবরেজিষ্ট্রী অফিস আলিপুর সাবেক যাদবপুর মিউনিসিপ্যালিটীর বর্তমানে কলিকাতা মিউনিসিপ্যালিটীর বর্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশানের অন্তর্গত ১১৩নং জে ওয়ার্ডের পরগণা মাগুরা অত্র জেলা কালেকটরীর মহাল ৬০১৬৪নং তৌজী ভুক্ত জে , এল নং ৪৫ রে , সা, নং ৩৮১ মৌজা বাঁশদ্রোনী গ্রামে রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের ৪৮১নং খতিয়ানের অন্তর্গত ১.৭৫ শতক জমির কাত বার্ষিক ১১.৫০ পয়সা করের জমি জমা মধ্যে

Ashil Malabar



৭৭০সাত শত সত্তর দাগের শালি দলিল গর্ভে বর্ণিত মধ্যে আমার খরিদা ৪চারি কাঠা ১৫ পনের ছটাক এবং রাস্তা বাবদ খরিদা ৪চারি ছটাক মোট ৫ পাঁচ কাঠা ৩তিন ছটাক শালি জমি জমা অত্র কোবালা ভুক্ত বিক্রীত জমি জমা হইতেছে, বিক্রীত জমি জমার বার্ষিক হারা হারি খাজনা ২.০০ পয়সা মাত্র, বর্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিন ২৪ পরগণা কালেক্টর বাহাদুরের সেরেস্তায় দেয়।

মং চলাচলের রাস্তার ভূমি সহ মাপ মূবত চিহ্নিত ৫ পাঁচ কাঠা ৩তিন ছটাক জমি জমা অত্র কোবালা ভুক্ত বিক্রীত জমি জমা হইতেছে।

অত্র দলিল সংলগ্ন নক্শায় লাল রঙের রেখা দ্বারা সীমাঙ্কিত চিহ্নিত ৫ পাঁচ কাঠা ৩তিন ছটাক জমি জমা অত্র কোবালা ভুক্ত বিক্রীত জমি জমা হইতেছে, অত্র নক্শা অত্র দলিলের একাংশ বলিয়া গন্য হইবেক।

বিক্রীত জমি চৌহদ্দি :-

***************

উত্তর : - ১৪ ফিট প্রশস্থ রাস্তা। দক্ষিন : - ৭৭০নং দাগের জমি।

পূর্ব্ব : - ১৬ ফিট রাস্তা এবং ৭৭০নং দাগের জমি। পশ্চিম : - ৭৭০নং দাগের জমি।

তপশীল টাকার জমা

********************

১০০.০০ টাকার নোট ২৫০ কেতা : - ২৫,০০০.০০

মং পচিশ হাজার টাকা মাত্র।

মুসাবিদাকারক :- Ashil Malabar

টাইপকারক

P. Roy

আলিপুর কলিকাতা : - ২৭

ই - সা - দী :-


১। – ৭০

২। – ৭০

৩।

# SITE PLAN OF
# C.S. DAG NO. 770 (PART) IN THE
# MOUZA- BANSDRONI. J.L. NO. 45.
# P.S. REGENT PARK. DT. 24-PRGS.
SCALE - 30' FT. = 1" INCH.

REF:- PURCHASED LAND SHOWN IN RED BOUNDARY.
LAND AREA = 4K. 15 CH. 0 SFT.
ROAD AREA = 0 K. 4 CH. 0 SFT.
TOTAL AREA = 5K. 3 CH. 0 SFT.




Traced by:-
D.E.
BANSDRONI.